



এসএসসি পরীক্ষার চতুর্থ দিন

নীলফামারীতে মহিলা ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত, শ্রেফতার ৩

নিজস্ব বার্তা পরিবেশক। এসএসসি পরীক্ষার ৪র্থ দিনে গতকাল ৩ সহস্রাধিক পরীক্ষার্থী ও ৪০ জন শিক্ষক বহিষ্কার, ৫ জনকে শ্রেফতার করা হয়েছে। এক ছাত্রকে বহিষ্কার করায় নীলফামারীতে এক মহিলা ম্যাজিস্ট্রেটকে লাঞ্ছিত করা হয়েছে। এ ঘটনায় ৩ জনকে শ্রেফতার করা হয়েছে।

নীলফামারী জেলার একটি কেন্দ্রে এক ছাত্রকে হাতেনাতে নকলসহ ধরার পর এ মহিলা ম্যাজিস্ট্রেট তাকে বহিষ্কার করেন। পরে ওই ছাত্র ও তার সঙ্গীরা তাকে লাঞ্ছিত করে। পুলিশ ঘটনাস্থল থেকে ৩ জনকে শ্রেফতার করে। এ ঘটনাকে কেন্দ্র করে ওই এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

চট্টগ্রাম বোর্ডের একটি কেন্দ্রে নকল সরবরাহ করার অভিযোগে এক হল সুপারফেয়ার সামগ্রিকভাবে বহিষ্কার এবং এসএসসি ৪

এসএসসি ৪ পরীক্ষা

(১ম পৃষ্ঠার পর)

আরও ৮ শিক্ষককে বহিষ্কার করা হয়।

প্রাপ্ত তথ্য অনুযায়ী ঢাকা বোর্ডে ৫শ ৫২, চট্টগ্রাম বোর্ডে ২শ ৮৪, রাজশাহী বোর্ডে ৯শ ৯৭, কুমিল্লা বোর্ডে ৩শ ৩৩, যশোর বোর্ডে ২শ ১০ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। নকলে সহযোগিতা করায় রাজশাহী বোর্ডে ১৬, কুমিল্লা ৪, ব্রাহ্মণবাড়িয়ায় ৪, বগুড়ায় ১, চট্টগ্রাম বোর্ডে ৯ জন শিক্ষক বহিষ্কৃত হন।

বহিষ্কৃতদের মধ্যে পটুয়াখালী জেলায় ৩৪, কুষ্টিয়া ৫২, মাগুরা ১, বিনাইদহে ১৩, গৌরিপুরে ১২, বগুড়ায় ৭০, বরিশালে ৫৫ জন ছাত্র রয়েছে।

বিভিন্ন স্ববাদদাতার দেয়া তথ্য অনুযায়ী নকলে পরীক্ষার্থীদের পাশাপাশি শিক্ষক ও এলাকবাসীর ব্যাপক আতঙ্ক দেখা গেছে। প্রশাসন এ ক্ষেত্রে কখনও অসহায়, কখনও সহযোগী শক্তি হিসেবে কাজ করছে।

এদিকে পরীক্ষা বিষয়ক তথ্য সরবরাহের দায়িত্বে নিয়োজিত ঢাকা বোর্ডের কন্ট্রোল রুমের পক্ষ থেকে গতকাল কোন সহযোগিতা পাওয়া যায়নি। সন্ধ্যা থেকে রাত ১০টা অবধি কন্ট্রোল রুমের ৯৬৬৯৮১৫ নম্বরে ফোন করে কোন সাড়া পাওয়া যায়নি।

নীলফামারী থেকে নিজস্ব স্ববাদদাতা কর্তব্যবাহিত মহিলা ম্যাজিস্ট্রেটকে লাঞ্ছিত

রতন চৌধুরী (১৭) এবং বহিরাগত আনিসুর ও রফিক হাসান।

গতকাল ওই কেন্দ্রে ম্যাজিস্ট্রেট মোমেনা মনি পরীক্ষার্থীকে বহিষ্কারে পরীক্ষার্থী রতন চৌধুরীসহ তিন যুবক লাঞ্ছিত করে। বহিরাগত যুবকরা পুলিশি প্রহরা অতিক্রম করে পরীক্ষা প্রবেশ করেছিল। এ ব্যাপারে ম্যা নিজেই বাদি হয়ে নীলফামারী থানায় মামলা করেন।

এদিকে দাবিল পরীক্ষায় পূত্র হয়েছে— এই খবর শুনে এক হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছে ঘটনা ঘটেছে সোমবার জেলার উপজেলা কেন্দ্রে।

মটুকপুর গ্রামের আজিজুল ইসলাম মো. মোজাহারুল ইসলাম পরীক্ষায় অসদুপায় অবলম্বনের বহিষ্কার হলে এই খবর শুনে আজিজুল হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হই যান।